154

দৈনিক ইনকিলাব

তারিখ ... MAY 15 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৩

# রাকসু নির্বাচন বন্ধ করায় ক্যাম্পাস প্রতিবাদ মুখর

**রাঃ বিঃ রিপোর্টার ঃ** রাকসু নির্বাচন বন্ধ করায় ছাত্র সংগঠনসমূহ প্রতিবাদ মুখর হয়ে উঠেছে। তারা লাগাতার ধর্মঘটসহ সপ্তাহব্যাপী কর্মসূচী ঘোষণা করেছে। ছাত্রদল ভিসি পতনের একদফা আন্দোলনের ডাক দিয়েছে।

ছাত্রদল গত বুধবার এক প্রতিবাদ সভায় ১৭, ১৮ ও ১৯ মে সর্বাত্মক ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে। পরীক্ষাসমূহ ধর্মঘটের আওতামুক্ত রাখা হয়েছে। সভায় বক্তারা বলেন, সরকার ও বিশ্ববিদ্যালয়ের প্রশাসন গণতন্ত্রের প্রতি শ্রদ্ধাশীল নয়। ছাত্র-ছাত্রীদের দাবী ও অধিকারের প্রতিও তারা আন্তরিক নয়। সে কারণেই তারা রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অছাত্রদেরকে মুজিববাদী ছাত্র লীগের সভাপতি ও সেক্রেটারী করেছে। পূর্ব পরিকল্পিতভাবে রাকসু নির্বাচনের জন্য বাজেটের টাকা আত্মসাতের জন্যই রাকসু বন্ধ করেছে। হালাকু খাঁ রূপী বর্তমান ভিসি ক্ষমতায় এসে বিশ্ববিদ্যালয়কে ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে এসেছেন। সরকার সংসদে বিরোধী দলীয় সদস্যদের কথা বলতে না দিয়ে এবং বিশ্ববিদ্যালয়ে রাকসু নির্বাচন বন্ধ করে গণতন্ত্রকে গলাটিপে হত্যা করেছে।

তারা ক্ষমতাসীন সরকার ও ভিসিবিরোধী আন্দোলন ঐক্যবদ্ধভাবে গড়ে তোলার জন্য সকল দলের প্রতি আহবান জানিয়ে বলেন- বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার স্বপ্ন দ্রষ্টা মাদার বখসকে অবমাননা করে ভিসি অকৃতজ্ঞতার পরিচয় দিয়েছে। সভায় বক্তব্য রাখেন সালেহ উদ্দীন বেবী, সফিকুল হক মিলন, ওয়ার্ড কমিশনার আনছার আলী প্রমুখ। গণতান্ত্রিক ছাত্র ঐক্য কলা ভবনের সামনে প্রতিবাদ সমাবেশ করে। এতে বক্তারা বলেন, ১৬ মের মধ্যে রাকসুর সিডিউল ঘোষণা না করলে ১৭ মে ধর্মঘট ও ভিসির কুশপুত্তলিকা দাহ করা হবে। ছাত্র শিবির আজ প্রতিবাদ সভায় তাদের পরবর্তী কর্মসূচী দেবে।